

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 01-05-2025**

**Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Waves -2025 :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ মুম্বাইয়ের জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টারে ওয়ার্ল্ড অডিও ভিজুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট সামিট, ওয়েভস এর উদ্বোধন করবেন | সামিট চলবে আগামী চৌঠা মে পর্যন্ত। ওয়েভস ২০২৫, মিডিয়া ও বিনোদন শিল্পে উদ্ভাবন এবং সহযোগিতা উদযাপনের একটি যুগান্তকারী বৈশ্বিক ইভেন্ট, যা একটি বিশ্ব সংস্কৃতির প্রাণবন্ত উদযাপন হিসেবেও আবির্ভূত হতে চলেছে। সামিটে উত্তর-পূর্ব ভারতের সমৃদ্ধ শিল্প ঐতিহ্য এবং রীতি-নীতির একটি বিরল প্রদর্শনী তুলে ধরা হবে।

\*\*\*\*\*

**Census :**

সরকার আসন্ন আদমশুমারিতে জাতি ভিত্তিক গণনা অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত নিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সভাপতিত্বে রাজনৈতিক বিষয়ক মন্ত্রিসভা কমিটি এই বিষয়ে সিদ্ধান্ত নিয়েছে। নতুনদিল্লিতে এই সিদ্ধান্ত সম্পর্কে গণমাধ্যমকে তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব বলেন, এই পদক্ষেপটি প্রমাণ

করে যে নরেন্দ্র মোদী সরকার অতীতের মতো সমাজ ও দেশের মূল্যবোধ এবং স্বার্থের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ।

শ্রী বৈষ্ণব জানান, অর্থনৈতিক বিষয়ক ক্যাবিনেট কমিটি ২২ হাজার ৮৬৪ কোটি টাকা ব্যয়ে শিলং থেকে শিলচর পর্যন্ত একটি নতুন মহাসড়ক প্রকল্প অনুমোদন করেছে।

\*\*\*\*\*

### **May Day :**

আজ পয়লা মে আন্তর্জাতিক শ্রমিক সংহতি দিবস বা মে দিবস। ১৮৮৬ সালে আমেরিকার চিকাগো শহরের হে মার্কেটে শ্রমিকদের অধিকার আদায়ে আন্দোলন বিশ্ব জুড়ে শ্রমিক অধিকার দিবসের স্বীকৃতি লাভ করে। দিনটির স্মরণে রাজ্যেও সিপিআইএম সহ বিভিন্ন বামদল নানা কর্মসূচী পালন করেছে।

\*\*\*\*\*

### **Tribal Welfare Minister :**

জনজাতি কল্যান মন্ত্রী বিকাশ দেববর্মা বলেছেন জনজাতি অংশের মানুষের জীবনের মানোন্নয়ন বিশেষ করে তাদের আধুনিক শিক্ষা পরিষেবা প্রদানে রাজ্য সরকার বদ্ধপরিকর। গতকাল আগরতলার প্রজ্ঞাভবনে জনজাতি কল্যান দপ্তরের উদ্যোগে আয়োজিত এক পর্যালোচনা সভায় তিনি বলেন, আগামীদিন

রাজ্যে আরও ছয়টি একলব্য স্কুল স্থাপন করা হচ্ছে এবং যে চারটি আশ্রম স্কুল রয়েছে, সেগুলিকে উচ্চ মাধ্যমিক স্তরে উত্তীর্ণ করা হয়েছে।

\*\*\*\*\*

### **Forest Minister :**

বনমন্ত্রী অনিমেঘ দেববর্মা বলেছেন, রাজ্যে বনএলাকা সম্প্রসারণে দপ্তর সচেষ্ট রয়েছে। তিনি বনজ সম্পদ ও বন এলাকা রক্ষার উপর গুরুত্ব দেন। গতকাল গান্ধীগ্রামের হাতিপাড়ায় বনদপ্তরের রাজ্য বন একাডেমি প্রাঙ্গণে বন রেঞ্জারদের মধ্যে মোটর সাইকেল বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, প্রাথমিকভাবে ৫৮টি রেঞ্জার্স অফিসের জন্য নতুন ৫৮টি মোটরসাইকেল তুলে দেওয়া হয়। পরবর্তী সময়ে সব বনএলাকায় চারচাকার গাড়ি সরবরাহ করা হবে। তিনি জানান, বন এলাকায় অপরাধ মূলক কাজকর্ম মোকাবেলায় ও বনজ সম্পদ রক্ষায় এক ব্যাটেলিয়ান টিএসআর মোতায়েন করা হবে।

\*\*\*\*\*

### **Tinku Roy Press Meet :**

সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী টিন্কু রায় গতকাল সচিবালয়ে এক সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন, শহর এলাকায় একশোটি অঙ্গনওয়াড়ি কেন্দ্র ইংরেজি মাধ্যমে উন্নীত করার পরিকল্পনা নেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী জনজাতি অধিবাসী মহা অভিযান প্রকল্পে জনজাতি বসতি এলাকায় আরও ৭৭টি নতুন অঙ্গনওয়াড়ি কেন্দ্র চালু করা হবে। দুই হাজার অঙ্গনওয়াড়ি কেন্দ্রকে স্মার্ট অঙ্গনওয়াড়ি কেন্দ্রে উন্নীত করার জন্য মহিলা ও শিশু মন্ত্রকের কাছে প্রস্তাব পাঠানো হয়েছে। তাছাড়া চলতি অর্থ বছরে পাঁচ হাজার অঙ্গনওয়াড়ি কেন্দ্রে

বিদ্যুৎ সংযোগের ব্যবস্থা করতে রাজ্য সরকারের বাজেটে অর্থ বরাদ্দ রাখা হয়েছে।

\*\*\*\*\*

### **Arindam Lodh :**

ত্রিপুরা মানবাধিকার কমিশনের চেয়ারপার্সন হিসেবে নিযুক্ত হলেন ত্রিপুরা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি অরিন্দম লোধ। রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু এই নিযুক্তি দেন।

\*\*\*\*\*

### **Agriculture Minister :**

কৃষিমন্ত্রী রতনলাল নাথ গতকাল বিজয়নগর গ্রাম পঞ্চায়েতে মোহনপুর রকভিত্তিক গৃহপালিত পশু, পাখি প্রদর্শনী, মেলা ও প্রতিযোগিতার উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, গ্রামীণ এলাকার মহিলারা বাড়িঘরে বিভিন্ন গৃহপালিত পশু, পাখি পালনের মাধ্যমে নিজে যেমন স্বরোজগারী হতে পারবেন তেমনি পরিবারকেও আর্থিক সক্ষমতার ভরসা যোগাতে পারেন।

\*\*\*\*\*

### **Bishnupriya Manipuri :**

আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার গতকাল আগরতলার অভয়নগরে বিষ্ণুপ্রিয়া মনিপুরীদের জন্যে একটি কমিউনিটি সেন্টারের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এই সেন্টারটির জন্য রাজ্য সরকার ৩ গন্ডা জায়গা প্রদান করেছে।

\*\*\*\*\*

### **ARDD Minister :**

"ওয়াকফ সংশোধনী জনজাগরণ অভিযান" বিষয়ে বিজেপি'র সংখ্যালঘু মোর্চার উদ্যোগে এক কর্মসূচি গতকাল ঊনকোটি জেলার ফটিকরায়ে অনুষ্ঠিত হয়। প্রধান বক্তার ভাষনে প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেন, কেন্দ্রীয় সরকার ওয়াকফের সঠিক ব্যবস্থাপনা নিশ্চিত করতে এই সংশোধিত আইন প্রনয়ণ করেছে।

\*\*\*\*\*

### **WEATHER :**

আজকের আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ অংশত: মেঘলা থাকবে। সেইসঙ্গে দু'এক জায়গায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*

